



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিসিএস প্রশাসন একাডেমি
প্রশিক্ষণ শাখা
শাহবাগ, ঢাকা- ১০০০



নম্বর ০৫.০২.০০০০.০১৭.২৫.০০৭.১৯.৭৫

তারিখ ৪ বৈশাখ ১৪২৯

১৭ এপ্রিল ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: বিসিএস প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিতব্য ১২৪তম, ১২৫তম এবং ১২৬ তম আইন ও প্রশাসন কোর্সের শরীরচর্চা প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

আগামী ০৮ মে ২০২১ তারিখ হতে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১২৪তম, ১২৫তম এবং ১২৬তম (সম্ভাব্য) আইন ও প্রশাসন কোর্স অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সসমূহের সকালের পিটি ও বিকালের খেলাধুলা কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতি কোর্সের জন্য দু'জন করে (একজন মহিলা ও একজন পুরুষ) শরীরচর্চা প্রশিক্ষক নিয়োগে উল্লেখিত শর্ত সাপেক্ষে নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হতে পারে।

আগ্রহী প্রার্থীর যোগ্যতা:


শরীরচর্চা ও খেলাধুলায় পারদর্শী, সূর্যোদয়ের পূর্বে শরীরচর্চা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন এবং বিপিএড ডিগ্রীধারী হতে হবে।

প্রশিক্ষক নিয়োগের শর্তাবলী নিম্নরূপ:

- এ নিয়োগ কোর্সের মেয়াদকালের জন্য দৈনিক ভাতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী এবং কর্তৃপক্ষ যে কোন মুহূর্তে কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- প্রতি কর্মদিবসে সকাল-বিকাল দুই সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) = ১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোন কর্মদিবসে/কোন সেশনে অনুপস্থিত থাকলে, অনুপস্থিতির দিন/সেশন গুলোতে কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনসমূহে শরীরচর্চা/খেলাধুলা অনুষ্ঠিত হবে না সে দিনসমূহের জন্য কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- সকালের শরীরচর্চা এবং বিকালের খেলাধুলায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- নিজের এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করতে হবে এবং প্রত্যহ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক এর নিকট জমা দিতে হবে। প্রশিক্ষণার্থীগণ সক্রিয়ভাবে প্রতিদিন এ প্রশিক্ষণে সময়মত অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি না করে থাকেন তাদের নাম, রোল নং সহ একটি প্রতিবেদন কোর্স পরিচালকের নিকট জমা দিতে হবে;
- কোর্স কারিকুলামে নির্ধারিত খেলাধুলা প্রতিযোগিতা সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করতে হবে;
- কোর্স শুরু সাপেক্ষে এ নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে;
- এ নিয়োগ কোর্স শুরুর তারিখ হতে কার্যকর হবে এবং কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে।

০২। আগামী ২১ এপ্রিল ২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্তসহ জনাব জান্নাতুল ফেরদৌস, উপপরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইল jferdous2810@gmail.com বরাবর আবেদন পত্র প্রেরণ এবং হার্ড কপি প্রশিক্ষণ শাখায় জমা প্রদান করতে হবে। আগামী ২৬ এপ্রিল ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১:৩০ ঘটিকায় আবেদনকারীগণের মৌখিক

পরীক্ষা গ্রহণ করা। মৌখিক পরীক্ষায় সকল সার্টিফিকেটের মূল কপি সঙ্গে আনতে হবে।



১৭-৪-২০ ২২

ইলিয়া সুমনা

পরিচালক

ফোন: ০২-৮৩১৮৬৬০

ফ্যাক্স: ০২-৫৫১৬৫৯২২

ইমেইল:

directortraining@bcsadminacademy.gov

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা), মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) এর দপ্তর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ২) রেক্টরের একান্ত সচিব, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) প্রোগ্রামার (সিনিয়র সহকারী সচিব) (অতিরিক্ত দায়িত্ব), তথ্যপ্রযুক্তি শাখা, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি (একাডেমির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) নোটিশ বোর্ড, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, মোহাম্মদপুর শরীরচর্চা কলেজ, বিয়াম ফাউন্ডেশন